# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৬০১

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ৮) ক্বিয়ামুল্লাইল করার নিয়তে পবিত্রাবস্থায় নিদ্রা যাওয়ার প্রতি উৎসাহ দান

الترغيب في أن ينام الإنسان طاهرا ناويا للقيام

আরবী

(صحيح) وَعَنْ أَبِي الدَّرْدَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ يبلغ به النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال مَنْ أَتَى فِرَاشَهُ وَهُوَ يَنْوِي أَنْ يَقُومَ يُصَلِّيَ مِنْ اللَّيْلِ فَغَلَبَتْهُ عَيْنُهُ حَتَّى يُصْبِحَ كُتِبَ لَهُ مَا نَوَى وَكَانَ نَوْمُهُ صَدَقَةً عَلَيْهِ مِنْ رَبِّهِ. رواه النسائي ابن ماجه بإسناد جيد وابن خزيمة

বাংলা

৬০১. (সহীহ) আবু দারদা (রাঃ) হতে বর্ণিত, তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) পর্যন্ত হাদীছটি পৌঁছিয়েছেন। তিনি বলেন, “যে ব্যাক্তি রাতে নফল ছালাত আদায় করার নিয়তে বিছানা গ্রহণ করে, অতঃপর তার চোখ তাকে পরাজিত করে দেয়, ফলে নামায না পড়েই সকাল হয়ে যায়, তবে সে যা নিয়ত করেছিল তার ছওয়াব তাকে লিখে দেয়া হয়। আর তার নিদ্রা পালনকর্তার পক্ষ থেকে হয়ে যায় সাদকা স্বরূপ।”

(হাদীছটি রেওয়ায়াত করেন, নাসাঈ ৩/২৫৮ ও ইবনে মাজাহ উত্তম সনদে ১৩৪৪। ইবনে খুযায়মাও তার সহীহ গ্রন্থে বর্ণনা করেন ৫২৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন